

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
(ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.modmr.gov.bd](http://www.modmr.gov.bd)

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.১৬-১৪৯

তারিখঃ ১৮ ফাল্গুন ১৪২৩ ব./ ০২ মার্চ ২০১৭ খ্রি।

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় পৌরসভাওয়ারী ২য় পর্যায়ের অর্থ বরাদ্দ প্রদান।

উপর্যুক্ত বিষয়ে চলতি ২০১৬-১৭ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত ২য় পর্যায়ের ৩১৪টি পৌরসভায় টি.আর নির্দেশিকা অনুযায়ী সাধারণ বরাদ্দ প্রদানের জন্য ৮,০০০ মে. টন গমের মূল্য মোট ২৩,১৯,৫৮,৫৬০/- (তেইশ কোটি উনিশ লক্ষ আটত্রিশ হাজার পাঁচশত ষাট) টাকা (প্রতি মে. টন ২৮,৯৯৪.৮২ টাকা হারে) নিম্নবর্ণিত শর্তে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর নির্দেশক্রমে ছাড় করা হলো। এই ব্যয় কোড নং ৩-৪৯০৩-০০০১-৫৯৯২ হতে মিটানোর জন্য অনুরোধ করা হলো।

**শর্তসমূহ :**

- (১) ২য় পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, কাজ সমাপ্তকরণ ও অর্থ ছাড়করণের সর্বশেষ সময়সীমা ৩০/০৪/২০১৭ খ্রিঃ তারিখ। প্রকল্পের কাজ শুরুর পূর্বে টি.আর নির্দেশিকা অনুসরণ করে জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করে অনুমোদন নিতে হবে;
- (২) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং টিআর নির্দেশিকা-এর অনুশাসনাবলী অনুসরণ করতে হবে;
- (৩) এ বরাদ্দের অর্থ দিয়ে ধর্মীয়/শিক্ষা/জনকল্যানমূলক প্রতিষ্ঠানের মেরামত/উন্নয়ন করা যাবে।
- (৪) এই আদেশে বরাদ্দকৃত অর্থের ৫০% বরাদ্দ দিয়ে সোলার প্যানেল ও বায়োগ্যাস প্রকল্প বাস্তবায়ন করতে হবে (প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা-০৩.০৭১.০৪৬.১৩.০০.০০১.২০১৪-১৬৯(৪), তারিখ-২১/০৭/২০১৪ খ্রি.)। সোলার হোম সিস্টেমের পার্শ্বে 'মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগ' উল্লেখ করতে হবে। প্লেটটি আলো প্রতিফলনযোগ্য (Light Reflecting) হতে হবে।
- (৫) পৌরসভাওয়ারী বরাদ্দের ক্ষেত্রে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর নীতিমালা অনুযায়ী এ খাদ্যশস্যের বিভাজন প্রণয়ন করে বরাদ্দ প্রদান করবেন এবং বিভাজনের এক সেট মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। এক্ষেত্রে বিভাজন পৃথকভাবে অনুমোদন নিতে হবে না।

স্বাক্ষরিত/-

(মোঃ ইসমাইল হোসেন)

যুগ্মসচিব (ত্রাক-২)

ফোনঃ ৯৫৪০১৪৩

dsreliefprog2@modmr.gov.bd

**মহাপরিচালক**

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

দুর্যোগ ব্যবস্থাপনা ভবন

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.১৬-১৪৯

তারিখঃ ১৭ ফাল্গুন ১৪২৩ ব./ ০১ মার্চ ২০১৭ খ্রি।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৫। জেলা প্রশাসক, (সকল) -----।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৭। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, আই, সি, টি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের জন্য)।
- ১০। অতিঃ সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিঃ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২/০৩/২০১৭  
(মোঃ ইসমাইল হোসেন)  
যুগ্মসচিব (ত্রাক-২)।